# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৪২২

পর্ব-৪: গোসল ও তায়াম্মুম (كتاب الغسل والتيمم)

পরিচ্ছেদঃ ১৮: অপবিত্রতার উযূতে মাথা মাসাহ পরিত্যাগ করা

باب ترك مسح الرأس في الوضوء من الجنابة

আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ يَزِيدَ بْنِ خَالِدٍ، قال: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ اللَّهِ هُوَ ابْنُ سَمَاعَةَ، قال: أَنْبَأَنَا الْأَوْزَاعِيُّ، عَنْيَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ عَائِشَةَ، وَعَنْ عَمْرِو بْنِ سَعْدٍ، عَنْ نَافِعٍ، عَنْ ابْنِ عُمَرَ، أَنَّ عُمَرَ سَأَلَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْغُسْلِ مِنَ الْجَنَابَةِ، وَاتَّسَقَتِ الْأَحَادِيثُ عَلَى هَذَا: يَبْدَأُ فَيُفْرِغُ عَلَى يَدِهِ الْيُمْنَى مَرَّتَيْنِ أَوْ ثَلَاثًا، ثُمَّ يُدْخِلُ يَدَهُ الْيُمْنَى فِي الْإِنَاءِ فَيَصُبُّ بِهَا عَلَى فَرْجِهِ وَيَدُهُ الْيُسْرَى عَلَى فَرْجِهِ فَيَغْسِلُ مَا هُنَالِكَ حَتَّى يُنْقِيَهُ، ثُمَّ يَضَعُ يَدَهُ الْيُسْرَى عَلَى التُّرَابِ إِنْ شَاءَ، ثُمَّ يَصُبُّ عَلَى يَدِهِ الْيُسْرَى حَتَّى يُنْقِيَهَا، ثُمَّ يَغْسِلُ يَدَيْهِ ثَلَاثًا وَيَسْتَنْشِقُ وَيُمَضْمِضُ وَيَغْسِلُ وَجْهَهُ وَذِرَاعَيْهِ ثَلَاثًا ثَلَاثًا، حَتَّى إِذَا بَلَغَ رَأْسَهُ لَمْ يَمْسَحْ وَأَفْرَغَ عَلَيْهِ الْمَاءَ . فَهَكَذَا كَانَ غُسْلُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيمَا ذُكِرَ.

تخريج دارالدعوه: تفرد به النسائى، (تحفة الأشراف ٨٢٤٧، ١٧٧٨٧) (صحيح الإسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 422 ـ صحيح الإسناد

বাংলা

৪২২. “ইমরান ইবনু ইয়াযীদ ইবনু খালিদ (রহ.) ..... ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। “উমার (রাঃ) রাসূলুল্লাহ (সা.) -কে অপবিত্রতার গোসল সম্পর্কে জিজ্ঞেস করলেন, ’আয়িশাহ্ (রাঃ) ও ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত, বিভিন্ন হাদীসে একই রূপ বর্ণনা রয়েছে যে, তিনি (সা.) গোসল আরম্ভ করতে গিয়ে দু’বার অথবা তিনবার তার ডান হাতে পানি ঢালতেন। তারপর ডান হাত পাত্রে ঢুকাতেন এবং তাঁর লজ্জাস্থানের উপর ডান হাতে পানি

ঢালতেন এ অবস্থায় তার বাম হাত থাকত তার লজ্জাস্থানের উপর, তিনি সেখানে কোন ময়লা থাকলে তা ধুয়ে পরিষ্কার করতেন এবং যখন ইচ্ছা করতেন তার বাম হাত মাটিতে স্থাপন করতেন। তারপর বাম হাতের উপর পানি ঢেলে তা পরিষ্কার করতেন। পরে উভয় হাত তিনবার করে ধুয়ে নিতেন, নাক পরিষ্কার করতেন আর কুলি করতেন এবং তার চেহারা ও উভয় হাত কনুই পর্যন্ত তিনবার করে ধুতেন, যখন মাথা মাসাহ করার সময় আসত তখন তিনি মাথা মাসাহ করতেন না। বরং তাতে পানি ঢালতেন। উপরে যেরূপ বর্ণিত হয়েছে তদ্রুপই ছিল রাসূলুল্লাহ (সা.) -এর গোসল।

## English

18. Not Wiping The Head When Performing Wudu' From Janabah

It was narrated from Abu Salamah from 'Aishah, and, from 'Amr bin Sa'd, from Nafi', from Ibn 'Umar: That 'Umar asked the Messenger of Allah (ﷺ) about Ghusl from Janabah - and the narrations agree on this - that one should start by pouring water on the right hand two or three times, then put the right hand into the vessel and pour water with it onto the private parts, with the left hand on the private parts to wash off whatever is there, until it is clean; then put the left hand on the dust if one wants to, then pour water over the left hand until it is clean; then wash the hands three times, (sniff water into the nose) and rinse the mouth, and wash the face and forearms, three times each until when reaching the head, he does not wipe the head, rather he pours water over it. This is how the Messenger of Allah (ﷺ) performed Ghusl according to what was mentioned.

### ফুটনোট

সহীহ: বুখারী ২৫০। [দ্রঃ ২২৮]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86693

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন